

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭২৮

১/ বিবিধ

আরবী

لا خير في الحبش، إذا جاعوا سرقوا، وإذا شبعوا زنوا، وإن فيهم لخلتين حسنتين:  
إطعام الطعام، وبأس عند البأس  
موضوع

رواه الطبراني (3 / 152 / 1) عن محمد بن عمرو بن العباس الباهلي: أخبرنا سفيان بن عيينة عن عمرو بن دينار عن عوسجة عن ابن عباس قال: قيل: يا رسول الله ما يمنع حبش بن المغيرة أن يأتوك إلا أنهم يخشون أن تردهم قال: فذكره قلت: وهذا سند ضعيف رجاله كلهم ثقات غير عوسجة وهو المكي مولى ابن عباس ليس بالمشهور كما في "التقريب"، ومن طريقه أخرجه ابن عدي (1 / 261) وروى عن البخاري أنه قال: "لم يصح حديثه". ثم ساقه قلت: وذكره السيوطي شاهدا للحديث الذي بعده فلم يصب، فإنه حديث موضوع المتن كما سبق بيانه في الذي قبله. وقد روي من حديث عائشة وهو (الاتي)

বাংলা

৭২৮। হাবশায় কোন কল্যাণ নেই। তারা যখন ক্ষুধার্ত হয় তখন চুরি করে। যখন পরিতৃপ্ত হয় তখন যেনা করে। তাদের মধ্যে দুটি ভাল অভ্যাস রয়েছেঃ পানাহার করানো আর দরিদ্রতার সময় সাহসিকতা।

হাদীছটি জাল।

এটি তাবারানী (৩/১৫২/১) মুহাম্মাদ ইবনু আমর ইবনিল আব্বাস আল-বাহেলী হতে তিনি সুফিয়ান ইবনু

উয়াইনাহ হতে তিনি আমর ইবনু দীনার হতে তিনি আওসাজাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সনদটি দুর্বল। আওসাজাহ আল-মাক্কী হচ্ছেন ইবনু আব্বাস (রাঃ)-এর দাস। "আত-তাকরীব" গ্রন্থে এসেছে তিনি প্রসিদ্ধ নন। তার সূত্রেই ইবনু আদী (১/২৬১) বর্ণনা করেছেন। তিনি ইমাম বুখারী হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ তার হাদীছ সহীহ নয়। অতঃপর তিনি তার হাদীছটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটিকে সুযূতী পরে আগত হাদীছটির শাহেদ হিসাবে উল্লেখ করে ঠিক করেননি। কারণ এ হাদীছটির ভাষা বানোয়াট। পূর্বোল্লিখিত হাদীছে এ সম্পর্কে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71607>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন